

বোরো ধানের ফুল ফোটা পর্যায়ে বর্তমান আবহাওয়ায় মাঠের বাস্তব চিত্র ও করণীয়;

বৃষ্টিহীন গরম ঝড়ো বাতাসে দেশের অনেক জায়গায়ই ফুল আসা ধানে চিটা জনিত সমস্যা দেখা যাচ্ছে। এই চিটাজনিত সমস্যাকে হিট শক/হিট ইনজুরিতে বলে।

★★★ কারণ;

চলতি মৌসুমে অর্থাৎ মার্চ মাসের ৩য় সপ্তাহ থেকে দিনের বেলায় তাপমাত্রা প্রায়শই ৩৫ ডিগ্রি সেলসিয়াস বা তার চেয়েও বেড়ে যাচ্ছে এবং রাতের তাপমাত্রা প্রায় ২০ ডিগ্রী সেলসিয়াসের নিচে চলে যাচ্ছে যা ধানের ফুল ফোটা পর্যায়ে চিটা সমস্যার অন্যতম প্রধান কারণ। এছাড়াও সারা দেশে বা বিচ্ছিন্নভাবে কাল-বৈশাখী ঝড় বিশেষ করে বৃষ্টি ছাড়া দিনে/রাতে শুধু গরম বায়ু প্রবাহ প্রায়শই হচ্ছে। যার ফলে কালো দানা বিশিষ্ট শীষ বা অনেক ক্ষেত্রে সাদা শীষ বিশিষ্ট চিটা সমস্যা সৃষ্টি হতে পারে।

★★★ ধান হঠাৎ চিটা হওয়ার উপযুক্ত সময় :

গরম: ধানের জন্য অসহনীয় তাপমাত্রা হলো ৩৫° সেলসিয়াস বা তার বেশি। ফুল ফোটার সময় ১-২ ঘন্টা ঐ তাপমাত্রা বিরাজ করলে মাত্রাতিরিক্ত চিটা হয়ে যায়।

বাতাস: প্রচণ্ড ঝড়ো বাতাস বা গরম বাতাসের কারণে গাছ থেকে পানি প্রস্বেদন প্রক্রিয়ায় বেরিয়ে যায়। এতে ফুলের অঙ্গগুলোর গঠন বাধাগ্রস্ত হয়। আবার ঝড়ো বাতাস পরাগায়ন, গর্ভধারণ ও ধানের মধ্যে চালের বৃদ্ধি ব্যাহত করে। এতে ধানের সবুজ খোসা খয়েরি বা কালো রঙ ধারণ করে। ফলে ধান চিটা হয়ে যেতে পারে।

খরা: খরার কারণে শিষের শাখা বৃদ্ধি ব্যাহত হয় এবং বিকৃত ও বন্ধা ধানের জন্ম দেয়ায় চিটা হয়ে যায়।

শৈত্যপ্রবাহ বা ঠাণ্ডা জনিত কারণের লক্ষণ:

১. চারা অবস্থায় শৈত্যপ্রবাহ থাকলে চারা মারা যায়।
২. কুশি অবস্থায় বাড় বাড়তি কমে যায়, গাছ হলুদ হয়ে যায়, খোড় অবস্থায় শিষ পুরোপুরি বের হতে পারে না,
৩. শিষের অগ্রভাগের ধান মরে যায় বা সম্পূর্ণ চিটা হয়ে যায়।

৪/০৪/২০২১ খ্রিস্টাব্দে প্রচণ্ড গরম ও ঝড়ো বাতাসের কারণে কোথাও ধান চিটা হতে দেখা যাচ্ছে-

তাই এ সময় বোরো ধানের যে সকল জাত ফুল ফোটা পর্যায়ে আছে বা এখন ফুল ফুটেছে বা সামনে ফুল ফুটবে সে সকল জমিতে-

১। জমিতে সর্বদা পানি রাখুন।

২। এমওপি সার ১০ লিটার পানিতে ১০০ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ হিসেবে স্প্রে করুন।

অথবা

৩। ৬০ গ্রাম পটাশ+৬০গ্রাম থিওভিট+২০গ্রাম জিংক ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিত শেষ বিকেলে স্প্রে করুন।

অথবা

৪। ফাস্ট পটাশ/কুইক পটাশ প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে ১০ লিটার পানি, ৫ শতাংশ জমিতে ঠান্ডা আবহাওয়ায় বা বিকেলে স্প্রে করতে পারেন।

প্রয়োজনে সংশ্লিষ্ট ব্লকে কর্মরত উপ সহকারী কৃষি অফিসারের সাথে অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন

প্রচারে :  উপজেলা কৃষি অফিস নরসিংদী সদর, নরসিংদী